



## সুনাগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী সুনাগঞ্জ।



Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০২.০০৮.২১. ৪৫২৫

তারিখঃ- ১৬ কার্তিক' ১৪২৮ বঙ্গাব্দ  
০১ নভেম্বর' ২০২১ খ্রিষ্টাব্দ

### “নিয়োগ বিজ্ঞপ্তি

সুনাগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জন্য নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত অগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর পারমিতিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবো জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে।	০১. শিক্ষাগত যোগ্যতা :- এসএসসি/সমমান। ০২. বয়স সীমা :- প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২১/১১/২০২১ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০৩. অভিজ্ঞতা :- অগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৪. অন্যান্য যোগ্যতা :- (ক) প্রার্থীকে সং, বিশুদ্ধ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুন ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। (ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতপর: একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। ০৫. নিয়োগ পদ্ধতি :- বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।

#### শর্তাবলী :

আবেদন পূরণ ও জমাদান :- সুনাগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (<http://pbs.sunamganj.gov.bd>) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২১/১১/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সুনাগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনাগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

#### আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে :

- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- প্রথম শ্রেণির গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

*(Handwritten signature)*

